তারিখ 31 DEC 1990
পৃষ্ঠা ২২ কলাম ৬

দৈনিক ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক

১৪

## রাজশাহী ইঞ্জিনিয়ারিং ইনষ্টিটিউটে তালা

।। রাজশাহী অফিস ।।

রাজশাহী বিআইটি-র ছাত্ররা এবং সর্বদলীয় ছাত্রঐক্য বিআইটি শাখা গতকাল (রবিবার) রাজশাহীর উপশহরস্থ ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউ-

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## রাজশাহী ইঞ্জিনিয়ার্স

(শেষ পৃঃ পর )

শনে তালা ঝুলাইয়া দিয়াছে। তাহারা বিআইটি রাজশাহীর পরিচালক ও ইন্সটিটিউশনের সভাপতি ডঃ খ, ম, ওয়ালিউজ্জামানকে স্বৈরাচার এরশাদ সরকারের দোসর ও বিগত গণতান্ত্রিক আন্দোলনে রাজশাহী অঞ্চলের প্রকৌশলীদের আন্দোলনে অংশগ্রহণ হইতে বিরত রাখিবার অভিযোগে পরিচালকের অপসারণ দাবী করিয়াছে। বিআইটির ছাত্র সংসদ পরিচালককে অপসারণ না করা পর্যন্ত ইন্সটিটিউশনের তালা খোলা হইবে না বলিয়া জানাইয়া দিয়াছে। গতকাল ছাত্র সংগ্রাম পরিষদ ও বিআইটির ছাত্রদের এক সভা সংসদ সহ-সভাপতি নাসিমুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বিআইটি পরিচালকের অপসারণ, জামায়াত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণার দাবী জানানো হয়। ছাত্র সংসদ সাধারণ সম্পাদক বাতেন সিকদারসহ ছাত্রঐক্য নেতৃবৃন্দ বক্তৃতা দেন।